| |
|---|
| রাজস্বের প্রবৃদ্ধি<br>টেকসই সমৃদ্ধি |

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী
www.cevrajshahi.gov.bd

নথি নং- ৫(১২)২৬/কাস-টেক/বন্ড রেজি:/স্যানমান ইন্ডা/ঈ: ইপিজেড/১০/ তারিখ : /০৭/২০২৩ খ্রি.।

**বিষয় : কাস্টম হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল খালাসের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইল লিঃ (পূর্বের নাম-সানম্যান ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন), ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় সূত্রীয় পত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সানম্যান ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন লিমিটেড (বর্তমান নাম- এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইল লিঃ), ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এ দপ্তর হতে সাময়িক বন্ড রেজিস্ট্রেশন নং-০৫/২০১০, তারিখ: ৩০.১১.২০১০ খ্রি. ইস্যু করা হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষায় কোনো বকেয়া পাওনার উদ্ভব হলে তা পরিশোধ ব্যতিরেকে চূড়ান্ত বন্ড রেজিস্ট্রেশন ইস্যু করা হবে না এই শর্তে এ দপ্তর কর্তৃক ইস্যুকৃত সাময়িক বন্ড রেজিস্ট্রেশন নং-০৫/২০১০, তারিখ: ৩০.১১.২০২০ খ্রি.-এর প্রতিষ্ঠানের নাম সানম্যান ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন লিঃ এর পরিবর্তে এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইল লিঃ-এ পরিবর্তনের অনুমোদন দেয়া হয়। প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষায় ৫৮,৬০,০১৮.৫৫ (আটান্ন লক্ষ ষাট হাজার আঠারো দশমিক পাঁচ পাঁচ) টাকা রাজস্ব ফাঁকির অনিয়ম উদঘাটিত হওয়ায় উক্ত বিষয়টি নিষ্পত্তি তথা পরিহারকৃত রাজস্ব সরকারি কোষাগারে জমা প্রদান ব্যতিরেকে প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত বন্ড রেজিস্ট্রেশন ইস্যু করা সম্ভব নয় মর্মে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে জানানো হয় এবং প্রতিষ্ঠানের নিরীক্ষায় উদঘাটিত রাজস্ব ফাঁকির বিষয়টি প্রতিষ্ঠিত হওয়ায় তা আদায়ের লক্ষ্যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫ এর উপধারা (৩) অনুযায়ী চূড়ান্ত দাবিনামা জারি করা রয়েছে; যা এখনও পরিশোধিত হয়নি বরং প্রতিষ্ঠান কর্তৃক এ দপ্তর হতে জারীকৃত চূড়ান্ত দাবিনামা ও পরিহারকৃত রাজস্ব সরকারি কোষাগারে জমা প্রদান ব্যতিরেকে চূড়ান্ত বন্ড রেজিস্ট্রেশন ইস্যু করা সম্ভব নয় মর্মে ইস্যুকৃত পত্রের বিপরীতে মাননীয় হাইকোর্টে রীট পিটিশন নং-৮২৮৫/২০২৩ দায়ের করেছেন; যার বিপরীতে গত ২৬.০৭.২০২৩ খ্রি. তারিখে একটি শুনানি অনুষ্ঠিত হয়েছে।

০৩। প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত কাঁচামালের প্রযোজ্য শুল্ক করের সমপরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টির বিপরীতে আমদানিকৃত কাঁচামাল কাস্টম হাউস, চট্টগ্রাম ও বেনাপোল হতে খালাসের প্রত্যয়নপত্রের জন্য সূত্রীয় পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করা হয়েছে। প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত বন্ড রেজিস্ট্রেশন ইস্যুর এবং প্রতিষ্ঠানের বিপরীতে এ দপ্তর হতে জারিকৃত চূড়ান্ত দাবিনামার বিষয়টি মাননীয় হাইকোর্টে বিচারাধীন থাকায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি এবং রপ্তানি বাণিজ্য প্রসারের বিষয়টি বিবেচনায় আমদানি নীতি আদেশের শর্ত (প্রযোজ্য ক্ষেত্রে) ও বেপজা কর্তৃক ইস্যুকৃত আইপি যাচাই এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পণ্যচালানসমূহের **প্রযোজ্য শুল্ক-করাদির সমপরিমাণ অর্থের নি:শর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক** নিম্নের ছকে বর্ণিত পণ্যচালানসমূহ কাস্টম হাউস, চট্টগ্রাম থেকে খালাসের অনুমতি প্রদান করা হলোঃ

**শর্তসমূহ**

১. আমদানিকৃত পণ্যচালানের শতভাগ কায়িক পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং কায়িক পরীক্ষার প্রতিবেদনের একটি কপি এ দপ্তরে প্রেরণ করতে হবে;

২. প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত বন্ড রেজিস্ট্রেশন ইস্যুর বিষয়টি আদালতে বিচারাধীন থাকায় প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত বন্ড রেজিস্ট্রেশন ইস্যু না হওয়া পর্যন্ত আমদানিকৃত পণ্য বন্ডের অধীন খালাসযোগ্য হিসেবে বিবেচিত হবে না। মাননীয় উচ্চ আদালতের অন্যরূপ কোনো নির্দেশনা না থাকলে অন্যান্য বন্ডেড প্রতিষ্ঠানের ন্যায় ব্যাংক গ্যারান্টির শর্তে খালাসযোগ্য আমদানিকৃত পণ্যচালানের বন্ডিং মেয়াদ ০২ (দুই) বছর হবে; এবং নির্ধারিত বন্ডিং মেয়াদের মধ্যে আমদানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহার করে রপ্তানি করা না হলে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি নগদায়নযোগ্য হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্যঃ

৩. প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রমে কোনো জটিলতার সৃষ্টি/উদ্ভব হলে তার সকল দায়ভার এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইল লিঃ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনার উপর বর্তাবে। এক্ষেত্রে এ সংক্রান্ত কোনো দায়ভার কোনো ভাবেই কাস্টমস কর্তৃপক্ষের উপর বর্তাবে না;

৪. আমদানিকৃত পণ্যচালানসমূহের কোনরূপ ক্ষয়-ক্ষতি/বিনষ্ট/হারিয়ে গেলে/অপব্যবহার হলে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি নগদায়নযোগ্য হবে;

৫. আমদানিকৃত পণ্যচালানের বিপরীতে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি এ দপ্তরের অনুমতি ব্যতিরেকে ফেরৎ প্রদান করা যাবে না;

| Sl. | BL No. & Date | LC No. & Date | Invoice No. & Date | Raw materials Description | H.S. code | Quantity (Kgs) | Price (US$) |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | SNE23070935 Dt. 12.07.2023 | 075123050813 Dt. 03.07.2023 | 2323ESTL01A 04.07.2023 | 20/1Polyester/ Viscose 90/1/ +70D Spandex yarn | 54025200 | 15332.40 | US$36797.76 |
| 2 | HCWL2307015 Dt. 15.07.2023 | 075123050813 Dt. 03.07.2023 | 2323ESTL01B 16.07.2023 | | 54025200 | 21111.00 | US$50,666.40 |
| 3 | GOSURQL6199015 Dt. 17.07.2023 | 075123050803 Dt. 26.06.2023 | EXP748/2023-24 Dt. 09.07.2023 | 10/1, 100% Cotton yarn | 52052100 | 21666.05 | US$42567.84 |
| 4 | GOSURQL6199680 Dt. 20.07.2023 | 075123050803 Dt. 26.06.2023 | EXP756/2023-24 Dt. 15.07.2023 | 10/1, 100% Cotton yarn | 52052100 | 20160.00 | US$41328.00 |
| 5 | GOSURQL6199681 Dt. 20.07.2023 | 075123050803 Dt. 26.06.2023 | EXP759/2023-24 Dt. 17.07.2023 | 10/1, 100% Cotton yarn | 52052100 | 19756.80 | US$40501.44 |

স্বাঃ—
(মুহাঃ মাহবুবুর রহমান)
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে
ফোন # ০২৫৮৮৮০১০৭
ই-মেইল : cevraj93@yahoo.com

প্রাপক : **কমিশনার অব কাস্টমস**
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ৫(১২)২৬/কাস-টেক/বন্ড রেজিঃ/স্যানমান ইন্ডা/ঈঃ ইপিজেড/১০/ ২৪৩২ (৭) তারিখ : ৩১ /০৭/২০২৩ খ্রি.।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :</u>

০১। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা [তাঁকে এ দপ্তরের অনাপত্তিপত্র ব্যতিরেকে আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে কাঁচামাল আমদানির ক্ষেত্রে কোনো IP ইস্যু না করার জন্য অনুরোধ করা হলো।]

০২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পাবনা।

০৩। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাঁকে পত্রটি এ দপ্তরের ওয়েব সাইট-এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]

০৪। রাজস্ব কর্মকর্তা, ঈশ্বরদী, ইপিজেড, পাকশী, পাবনা [তাঁকে পণ্যচালানসমূহ ইপিজেডে প্রবেশের বিষয়টি নিশ্চিত করে একটি পৃথক সাময়িক বন্ড রেজিস্ট্রারে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষরসহ এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো।]

০৫। পিএটু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইল লিঃ (পূর্বের নাম-সানম্যান ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন), ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা [আপনার/আপনাদের সূত্রীয় আবেদনে LC No. 075123050803, Date: 26.06.2023 এবং LC No. 075123050803, Date: 26.06.2023 সংশ্লিষ্ট পণ্যচালানের BL No. & Date না থাকায় উক্ত পণ্যচালান ০২টির বিপরীতে NOC প্রদান করা সম্ভব হলো না।]

০৭। ব্যবস্থাপক, দি সিটি ব্যাংক লিঃ, গুলশান শাখা, ক্রিস্টাল প্যালেস, হাউস নং-২২, রোড-১৪০, গুলশান সাউথ এভিনিউ, গুলশান, ঢাকা [পত্রে বর্ণিত পণ্যচালানের ক্ষেত্রে শুধু নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি প্রযোজ্য হবে।]

31/07/2023
(মুহাঃ মাহবুবুর রহমান)
এডিশনাল কমিশনার অব কাস্টমস।

৩১/০৭/২০২৩